উত্তরবঙ্গের আত্মার আত্মীয়

# উত্তরবঙ্গ সংবাদ

শিলিগুড়ি ১২ কার্তিক ১৪৩১ মঙ্গলবার ৪.০০ টাকা 29 October 2024 Tuesday 14 Pages Rs. 4.00 ইন্টারনেট সংস্করণ www.uttarbangasambad.in Vol No. 45 Issue No. 159



Reliance

STORES OPEN AT 9 AM

LG 139 CM (55) QNED82 TV ₹59990* *PRICE AFTER BANK OFFER

SAMSUNG 139 CM (55) NEO QLED SMART TV ₹89999* *PRICE AFTER BANK OFFER

SAMSUNG 165 CM (65) QLED 65Q70D ₹105990* *PRICE AFTER BANK OFFER

LG 139 CM (55) OLED 55C4 ₹114990* *PRICE AFTER BANK OFFER

ZERO PROCESSING FEES | ZERO INTEREST COST.

SONY 5.1 CH Soundbar 600W HT-S40R ~~₹23990~~ ₹18990* *Inclusive of Bank Cashback & TV Combo

BUY INVERTER ACs — SMART AC 1.5T Starting from ₹28990* | GET UP TO ₹6000* INSTANT DISCOUNT on select Inverter ACs | INSTALLATION AT ₹599+GST ON INVERTER ACs WORTH ₹1415

DIRECT COOL Starting from ₹12990* EMIs of ₹1083*
FROST FREE Starting from ₹21990* EMIs of ₹1833*
SIDE BY SIDE + AIR FRYER ₹48990*

7Kg TOP LOAD Starting from ₹15000*
9Kg FRONT LOAD Starting from ₹33000*
WASHER DRYER Starting from ₹47000* FREE AIRFRYER WORTH ₹7295*

*PRICES AFTER BANK CASHBACK

BPL BOSCH Godrej Haier IFB LG SAMSUNG Whirlpool

ফেস্টিভ্যাল অফ ইলেক্ট্রনিক্স

এই ধনতেরাসে, এখানে নতুন সূচনার শুরু করুন

#DestinationOfCelebrations

₹15000 পর্যন্ত ইনস্ট্যান্ট ডিসকাউন্ট*

AMERICAN EXPRESS | AU SMALL FINANCE BANK | AXIS BANK | Bank of Baroda | BOBCARD | DBS | FEDERAL BANK | HSBC | ICICI Bank | IDFC FIRST Bank | IndusInd Bank | kotak | one

₹22500 পর্যন্ত ক্যাশব্যাক*

BAJAJ FINSERV | IDFC FIRST Bank | HDB FINANCIAL SERVICES | HDFC BANK | kotak

Reliance digital — PERSONALISING TECHNOLOGY

LOWEST PRICE EVER — iPhone 14 128 GB ~~₹59900~~ ₹45900* EMI options available
SAMSUNG Galaxy S24 ~~₹74999~~ ₹59999* | ULTRA ~~₹129999~~ ₹109999*
iPhone 16 128 GB ~~₹79900~~ ₹74900* *Inclusive of brand cashback
BENEFITS NO COST EMI AVAILABLE | BENEFITS GET AN APPLE 20W ADAPTER FREE

LOWEST PRICES — AMD R5 Starting from ₹30999* | Intel® Core™ i5 Starting from ₹40499* | GAMING RTX 2050 Starting from ₹44999* | GAMING RTX 3050 Starting from ₹50499*
acer ASUS DELL hp Lenovo SAMSUNG
BENEFITS GET TROLLEY + PRINTER WORTH ₹14500 AT ₹4699*

LAPTOP ESSENTIALS — 10% UNLIMITED DISCOUNT* on UPI transactions

BUY MORE SAVE MORE — BUY ANY 1 5%OFF* | BUY ANY 2 10%OFF* | BUY ANY 3 15%OFF*

WATCH SERIES 9 — GPS ₹29999* | CELLULAR + GPS ₹38999*

BEST DEAL — AirPods 4 ₹11900* | Pro 2nd Gen ₹20999*

SCAN QR CODE FOR STORE LOCATION

DIWALI DHAMAKA Offer — SHOP AT RELIANCE DIGITAL, GET JIO AIR FIBER FREE FOR 365 DAYS *Offer period 18th September to 3rd November. T&C apply

EXCITING CORPORATE GIFTING SOLUTIONS Starting from ₹599

KITCHEN COMBO DEALS Starting at ₹1699

ALSO SHOP ON: reliancedigital.in

SHOP ANY ELECTRONICS AT MY JIO STORE — Jio DIGITAL LIFE



# এক বিজ্ঞাপনে বিয়ে

ছেলে বা মেয়ের বিয়ে দেবেন?

পাত্র–পাত্রী খুঁজছেন?

আপনার মুশকিল আসানে হাজির



উত্তরবঙ্গ সংবাদ

আপনার বিজ্ঞাপন বিনামূল্যে আমাদের ই-পেপারেও প্রকাশিত হওয়ার সুবাদে, পাত্র–পাত্রী সংবাদ এখন পৌঁছে যাচ্ছে উত্তরবঙ্গের গণ্ডি ছাড়িয়ে দেশ থেকে বিদেশে। ১৬২টি দেশে ছড়িয়ে আছেন আমাদের পাঠক। যেখানেই উত্তরবঙ্গবাসী সেখানেই উত্তরবঙ্গ সংবাদ।

আমাদের পাত্র–পাত্রী কলামে একটি বিজ্ঞাপনেই চার হাত এক হওয়ার নজির অজস্র

তাই শুভ কাজে আর দেরি কেন? আজই বিজ্ঞাপন দিন উত্তরবঙ্গ সংবাদে, আমাদের অফিসে এসে, আমাদের বিজ্ঞাপন সংগ্রহ কেন্দ্রে অথবা শুধুমাত্র একটা হোয়াটসঅ্যাপের মাধ্যমে।

9064849096

শিলিগুড়ি : 0353-2524722, জলপাইগুড়ি : 9641289636, কোচবিহার : 9883550805, আলিপুরদুয়ার : 9883539878, মালদা : 9800585950, রায়গঞ্জ : 9531538275, বালুরঘাট : 9434220500, কলকাতা : 9073204040

এছাড়াও উত্তরবঙ্গ জুড়ে ছড়িয়ে আছে আমাদের বিজ্ঞাপন সংগ্রহ কেন্দ্র

## ভানু ভবনে পুজোয় অংশ নিতে পারবেন পর্যটকরাও

# কালীমূর্তির পুনঃপ্রতিষ্ঠা

রণজিৎ ঘোষ

**শিলিগুড়ি, ২৮ অক্টোবর :** সমস্ত বিতর্কের অবসান ঘটিয়ে দার্জিলিংয়ের ভানু ভবনে পুনঃপ্রতিষ্ঠা করা হল কালীর মূর্তি। সুবাস ঘিসিংয়ের উদ্যোগে দার্জিলিং গোর্খা হিল কাউন্সিলের (ডিজিএইচসি) আর্থিক সহায়তায় ২০০৪-'০৫ সালে ভানু ভবনে সরস্বতী এবং কালীর মূর্তি বসানো হয়। আরও বেশ কয়েকটি মূর্তি বসানো হয়েছিল সেসময়।

ফাইবার গ্লাস ব্যবহার করে কলকাতার এক শিল্পীকে দিয়ে ঘিসিং তৈরি করিয়েছিলেন। গোর্খা রঙ্গমঞ্চে বসানোর পর থেকে প্রতিটি মূর্তি পর্যটক সহ স্থানীয় মানুষের নজর কাড়ে। ছবিটা বদলে যায় ২০১২ সালে। বিমল গুরুংরা পাহাড়ের ক্ষমতা দখলের পর আচমকা সরিয়ে দেওয়া হয় কালীর মূর্তি।

সেটা মঞ্চের পেছনের দিকে কিছুদিন রাখার পর পাঠিয়ে দেওয়া হয়েছিল দার্জিলিংয়ের নৃপেন্দ্রনারায়ণ বেঙ্গলি হিন্দু হলে। যা নিয়ে পাহাড়ে সমালোচনার ঝড় ওঠে। অনীত থাপা গোর্খাল্যান্ড টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশনের (জিটিএ) ক্ষমতায় আসার পরপরই ভানু ভবনে পুনরায় দেবীর মূর্তি প্রতিষ্ঠার প্রতিশ্রুতি দেন। যা বাস্তবায়িত হল সোমবার। পুরোনো জায়গায় প্রতিষ্ঠার পর হয়েছে পুজো। পরে অনীত বলেন, 'কালী মায়ের মূর্তি নিয়ে দার্জিলিংয়ের একটা আবেগ রয়েছে। সেই আবেগকে মর্যাদা দিয়ে আমরা পুনঃপ্রতিষ্ঠা করলাম।'

সুবাস ঘিসিং দেবদেবীর বিরাট ভক্ত ছিলেন, সেই কথা পাহাড়ের চোরবাটোতে কান পাতলে শোনা যায়। আবার তাঁরই 'হুইপ' মেনে মূর্তিপুজোর বদলে শিলাপুজো করতে বাধ্য হয়েছিলেন পাহাড়বাসী। ঘিসিংয়ের হাতে তৈরি ভানু ভবন। ওই ভবন এবং সেখানকার গোর্খা রঙ্গমঞ্চ দার্জিলিংয়ে বেড়াতে আসা পর্যটকদের কাছে আকর্ষণের কেন্দ্র। ভবনের বাইরের অংশকে সাজিয়ে তুলতে বেশ কিছু মূর্তি বসানো হয়। তৈরি হয়েছে একাধিক ফাউন্টেন। ভানু ভবনের মূল ফটক দিয়ে ঢুকলে সামনে বিশাল আকারের সরস্বতীর মূর্তি। তার ঠিক পেছনে বসানো হয়েছিল কালীর মূর্তিটি। গোর্খা রঙ্গমঞ্চ থেকে বের হওয়ার সময় প্রথমে সেটা চোখে পড়ত।

২০১২ সালে বিমলের নেতৃত্বে জিটিএ তৈরি হয়। লালকুঠির পাশাপাশি জিটিএ'র বেশ কিছু অফিস খোলা হয় এই ভবনে। সেসময় সংস্কারের নামে সরিয়ে রাখা হয়েছিল মূর্তিটি। ওই ঘটনার পর চর্চা হয়েছিল যে, ঘিসিংয়ের কাজের কোনও নিদর্শন রাখতে চান না বিমল। পরবর্তীতে জিটিএ'র তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে মূর্তিটি ভানু ভবন থেকে সরিয়ে নৃপেন্দ্রনারায়ণ বেঙ্গলি হিন্দু হলে পাঠিয়ে দেওয়া হয়। সেখানেও জায়গার অভাবে ভবনের এক পাশে পড়ে ছিল মূর্তিটি।

অনীত জিটিএ'র দায়িত্ব নিয়ে পুনঃপ্রতিষ্ঠার আশ্বাস দিয়েছিলেন। এদিন পুজোর সময় সেই কথাই মনে করালেন সংস্থার সদস্য অরুণ সিঞ্জি। বললেন, 'এই মূর্তি নিয়ে কম বিতর্ক হয়নি। আমরা আবার মায়ের মূর্তি পুনঃপ্রতিষ্ঠা করলাম।' জিটিএর জনসংযোগ আধিকারিক এসপি শর্মা জানিয়েছেন, এখানে রোজ দু'বেলা পুজোপাঠের ব্যবস্থা থাকছে। পর্যটকরাও তাতে অংশ নিতে পারবেন।



আরাধনা।। *মূর্তি পুনঃপ্রতিষ্ঠার পর পুজো ভানু ভবনে। সোমবার। ছবি : মৃণাল রানা*

### ইতিকথা

- বিমল পাহাড়ে ক্ষমতা দখলের পর সংস্কারের নামে সরানো হয় মূর্তিটি
- মঞ্চের পেছনে কিছুদিন রেখে নৃপেন্দ্রনারায়ণ বেঙ্গলি হিন্দু হলে পাঠানো হয়
- সেখানেও জায়গার অভাবে ভবনের একপাশে পড়েছিল কালীর মূর্তি
- জিটিএ'র দায়িত্ব নিয়ে ভানু ভবনে পুনঃপ্রতিষ্ঠার প্রতিশ্রুতি অনীতের
- সোমবার প্রতিষ্ঠার পর হয় পুজোপাঠ

## হাসপাতালে নিরাপত্তা দাবি চিকিৎসকদের

**ইসলামপুর, ২৮ অক্টোবর :** ইসলামপুর মহকুমা হাসপাতাল এবং সুপারস্পেশালিটি হাসপাতাল সহ গ্রামীণ সমস্ত স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের নিরাপত্তা সুনিশ্চিত করতে সোমবার ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশনের ইসলামপুর শাখার তরফে মহকুমা শাসকের কাছে স্মারকলিপি জমা দেওয়া হল। পাশাপাশি শনিবার চিকিৎসকদের জল্লাদ আখ্যা দেওয়া ইসলামপুর শহর তৃণমূল সভাপতির বিরুদ্ধে আইনি পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে বলে জানিয়েছেন স্মারকলিপি জমা দিতে আসা চিকিৎসকরা।

আইএমএ ইসলামপুর শাখার তরফে ডাঃ পার্থপ্রতিম ভদ্র বলেন, 'আরজি কর সহ ইসলামপুর মহকুমার স্বাস্থ্যকেন্দ্রগুলির নিরাপত্তা সহ নানা বিষয়ে মহকুমা শাসকের কাছে এদিন স্মারকলিপি জমা দেওয়া হয়েছে। এইসব দাবি নিয়ে আমরা পুলিশ সুপারের কাছেও যাব।'

এদিন মোট ১৪ দফা দাবিতে মহকুমা শাসকের কাছে স্মারকলিপি জমা দেন চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীরা। দাবিগুলির মধ্যে প্রথম তিনটি

### ইসলামপুর

দাবিতে আরজি কর কাণ্ডে দ্রুত বিচার এবং দোষীদের শাস্তি দেওয়া, অপরাধীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া এবং স্বাস্থ্য দপ্তরে দুর্নীতি, হুমকি ও অপরাধচক্রের বিরুদ্ধে তদন্তের আবেদন জানানো হয়েছে। বাকি সমস্ত দাবি ইসলামপুর মহকুমার বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্রের বিষয়ে জানানো হয়েছে।

ইসলামপুর মহকুমা হাসপাতাল, সুপারস্পেশালিটি হাসপাতাল সহ গ্রামীণ হাসপাতালগুলিতে স্বাস্থ্যকর্মী ও চিকিৎসকদের নিরাপত্তা সুনিশ্চিত করার জন্য পুলিশ আউটপোস্টের ব্যবস্থা করা। পাশাপাশি এইসব স্বাস্থ্যকেন্দ্রে পর্যাপ্ত পরিমাণ সিসিটিভি এবং আলোর ব্যবস্থা এবং নার্সিং হস্টেলে ২৪ ঘণ্টা প্রহরীর ব্যবস্থা করা। পাশাপাশি হাসপাতালগুলিতে প্যানিক অ্যালার্মের ব্যবস্থা চালু করার দাবি জানানো হয়েছে। ইসলামপুর মহকুমা হাসপাতাল সহ সমস্ত হাসপাতাল চত্বরে থাকা বেআইনি নির্মাণ, দখল, দালালচক্রের দৌরাত্ম্য ও হাসপাতাল চত্বরে নেশার আসর বন্ধ করার দাবি জানানো হয়েছে।

## চোলাই নষ্ট মহিলাদের

**ফাঁসিদেওয়া, ২৮ অক্টোবর :** অভিযোগ, বারবার পুলিশকে জানানোর পরও চোলাইয়ের কারবারের বিরুদ্ধে পদক্ষেপ করা হয়নি। এবার স্থানীয় মহিলারা ভাঙচুর চালালেন ঠেকে। সোমবার রাতে কান্তিভিটায় চোলাইয়ের ঠেকে হানা দেন তাঁরা। সঙ্গে ছিলেন এলাকার তরুণরাও। ঘটনাস্থলে দাঁড়িয়ে তাঁদের কীর্তিকলাপ দেখল ফাঁসিদেওয়া থানার পুলিশ।

দীর্ঘদিনের অভিযোগ, গ্রামের কয়েকটি বাড়িতে চোলাই মদ তৈরির পর বিক্রি করা হচ্ছে। এতে এলাকার পরিবেশ নষ্ট হচ্ছিল বলে দাবি গ্রামবাসীর। এদিন তাঁরা মজুত রাখা চোলাই নষ্ট করে দেন।

ওই দলে ছিলেন প্রমীলা রায় মণ্ডল, হিরোলা রায়, দ্রৌপদী রায়, শেফালি রায়, কবিতা সিংহ সহ ৬০ জনের বেশি স্থানীয় মহিলা। তাঁদের সকলের দাবি, এই কারবারের জন্য বাড়িতে বাড়িতে অশান্তি লেগে থাকত। নির্যাতনের শিকার হচ্ছিলেন বধূরা। সুস্থ পরিবেশ তৈরি করতে কারবার বন্ধ হওয়া দরকার ছিল।




*শ্রমিকদের সমর্থনে শিলিগুড়ি জার্নালিস্টস ক্লাবে সাংবাদিক বৈঠক। সোমবার।*

## ক্ষুব্ধ লংভিউয়ের শ্রমিকরা

# বকেয়া চেয়ে অনশনের হুঁশিয়ারি

**শিলিগুড়ি, ২৮ অক্টোবর :** পিএফ, গ্র্যাচুইটি, মজুরি, বোনাস মিলিয়ে শ্রমিকদের বকেয়া ১৬ কোটি টাকারও বেশি। পাওনা আদায়ে দীপাবলির পর আমরণ অনশনে বসার হুঁশিয়ারি দিলেন বন্ধ লংভিউ চা বাগানের শ্রমিকরা।

বাগান বন্ধ থাকায় শ্রমিকদের দুর্দশার শেষ নেই। এদিকে, ১৬ শতাংশ বোনাসের দাবিতে গত ৮ অক্টোবর থেকে লাগাতার রিলে অনশন চালিয়ে যাচ্ছেন শ্রমিকরা। এমন পরিস্থিতিতে তাঁদের পাশে দাড়িয়েছে ফ্যাসিবাদ বিরোধী নাগরিক মঞ্চ ও সৃজন।

সোমবার শিলিগুড়িতে সাংবাদিক বৈঠক করে মালিকপক্ষের বিরুদ্ধে একরাশ ক্ষোভ উগড়ে দেন মঞ্চের সদস্য এবং শ্রমিকরা। পাশাপাশি বকেয়া মিটিয়ে দ্রুত বাগান খোলার দাবি জানানো হয়। যদিও গোর্খাল্যান্ড টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশন (জিটিএ)-এর জনসংযোগ আধিকারিক এসপি শর্মা শ্রমিকদের সাংবাদিক বৈঠক নিয়ে কটাক্ষ করেছেন। তাঁর কথায়, 'দ্বিপাক্ষিক বৈঠকের মাধ্যমে সমস্যা মেটানো হবে। শিলিগুড়িতে গিয়ে শ্রমিকরা কী বার্তা দিতে চাইলেন, তা মাথায় ঢুকল না। বাগানের সমস্যা মিটে যাক সেটাই আমরা চাই।'

রাজ্যের তালিকায় যে সকল রুগ্ন বাগান রয়েছে তার মধ্যে একটি লংভিউ। বাগানটিতে ৩৫০ শ্রমিক রয়েছেন। রাজ্য সরকার ১৬ শতাংশ বোনাসের অ্যাডভাইজারি জারি করলেও লংভিউয়ের শ্রমিকরা ১০ শতাংশ বোনাস পান, যা নিয়ে শুরু হয় আন্দোলন। এমন পরিস্থিতিতে দ্বিপাক্ষিক বৈঠক ডাকা হয়। সেখানে মালিকপক্ষের কাছে শ্রমিকরা সমস্ত বকেয়া মেটানোর দাবি জানালে কর্তৃপক্ষ বাগান ছেড়ে চলে যায়। নাগরিক মঞ্চ ও সৃজনের তরফে অভিজিৎ মজুমদার বলছেন, 'চুক্তির কোনওটাই মালিকপক্ষ মানেননি। টাকা আনতে যাওয়ার নাম করে মালিকপক্ষ বাগান বন্ধ করেছে। শ্রমিকদের বোনাস তাঁদের কাছে অনেক বড় পাওয়া। কিন্তু সেই ১৬ শতাংশ বোনাসও দেওয়া হল না।'

গত ১৭ অগাস্ট শ্রমিকরা ম্যানেজারের কাছে বকেয়া চাইতে যাওয়ার মধ্যে দিয়ে আন্দোলন শুরু করে। বর্তমানে শুধুমাত্র শ্রমিকদের পিএফ বাবদ ১৫ কোটি টাকা বকেয়া রয়েছে। হিল প্ল্যান্টেশন এমপ্লয়িজ ইউনিয়ন শ্রমিকরা দাবি আদায়ে লড়াই চালাচ্ছেন।

ইউনিয়নের তরফে শমীক চক্রবর্তীর অভিযোগ, '২০১৩ সাল থেকে মালিকপক্ষ শ্রমিকদের পিএফ-এর টাকা কেটে নিয়েও তা জমা করেননি, গ্র্যাচুইটি দেননি। অবসরের বয়স পেরিয়ে গেলেও কর্তৃপক্ষ পিএফ-গ্র্যাচুইটি দেবে না বলে অনেককে কাজ করিয়ে চলেছে। বাগানের ফ্যাক্টরি বন্ধ থাকলেও পাতা বাইরে চলে যাচ্ছে।'

উৎসবের মরশুমে কাজ হারিয়ে দিশেহারা বাগানের শ্রমিকরা। গীতা দেবী রাওয়ের কথায়, 'এখনও পর্যন্ত মাত্র ১০ শতাংশ পুজোর বোনাস পেয়েছি। বাকি ৬ শতাংশ দেওয়ার কথা থাকলেও মালিকপক্ষ দেয়নি। দাবি পূরণ না হলে দীপাবলির পর আমরা আমরণ অনশনে বসব।'

বিনিতা রাই, রশ্মি তামাংরা জানিয়েছেন, বাগানটি পরিচর্যার অভাবে জঙ্গলে পরিণত হয়েছে। সেখানে এখন সাপের আস্তানা। প্রাণের ঝুঁকি নিয়ে বাগানে কাজ করতে হয়েছে। বাগান না খুললে তাঁদের ভবিষ্যৎ অন্ধকার।

### চা বাগানে জট

- ১৬ শতাংশ বোনাসের দাবিতে ৮ অক্টোবর থেকে রিলে অনশন চলছে
- এখনও পর্যন্ত মাত্র ১০ শতাংশ পুজোর বোনাস
- ৬ শতাংশ মেটানোর দাবি
- পরিচর্যার অভাবে বাগান জঙ্গলে পরিণত, পোকামাকড়ের আস্তানা
- দ্বিপাক্ষিক বৈঠকের মাধ্যমে সমস্যা মেটানোর আশ্বাস জিটিএ কর্তার

> চুক্তির কোনওটাই মালিকপক্ষ মানেননি। টাকা আনতে যাওয়ার নাম করে মালিকপক্ষ বাগান বন্ধ করেছে। শ্রমিকদের বোনাস তাঁদের কাছে বড় পাওয়া। কিন্তু সেই ১৬ শতাংশ বোনাসও দেওয়া হল না।
>
> **-অভিজিৎ মজুমদার,** *নাগরিক মঞ্চ ও সৃজনের তরফে*

## প্যানেল অমান্যে শোকজের ইঙ্গিত পাপিয়ার

**ফাঁসিদেওয়া, ২৮ অক্টোবর :** বিধাননগর সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিমিটেডের নির্বাচনে তৃণমূল কংগ্রেস থেকে দলের ঘোষণা করা প্যানেল না মেনে যাঁরা লড়েছেন, তাঁদের শোকজ করা হবে। সোমবার বিধাননগরে দলের বিজয়া সম্মিলনিতে এসে এমনই ইঙ্গিত দিলেন দলের দার্জিলিং জেলা (সমতল) সভানেত্রী পাপিয়া ঘোষ।

চলতি মাসের ২২ তারিখ সমিতির নির্বাচন হয়। সেজন্য স্থানীয় নেতা কাজল ঘোষের নেতৃত্বে একটি প্যানেল ঘোষণা করে তৃণমূল। সেই প্যানেলের বিপক্ষে দলেরই কয়েকজন লড়াই করেছিলেন। নির্বাচনে কাজল ঘোষের সমর্থনে থাকা প্যানেলের ৮ জন জয়ী হন। কাজলের বিপক্ষে জয়ী হন ১ জন। মঙ্গলবার দুপুরে বিধাননগর সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিমিটেডের বোর্ড গঠন হতে চলেছে।

তৃণমূলের দার্জিলিং জেলা সভানেত্রী পাপিয়ার বক্তব্য, 'গণতান্ত্রিক দেশে যে কেউ নির্বাচনে

### বিধাননগর

লড়তেই পারেন। তবে, যাঁরা তৃণমূলে থেকে দলের সিদ্ধান্তকে মান্যতা না দিয়ে নিজেদের মতো করে নির্বাচনে লড়লেন, তাঁদের শোকজ করলে তাঁরা জবাব দিতে বাধ্য থাকবেন। এরপর দল প্রয়োজনীয় পদক্ষেপ করবে।'

এ প্রসঙ্গে ফাঁসিদেওয়া সাংগঠনিক ২ নম্বর ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি কাজল ঘোষ বলেন, 'যাঁরা নির্বাচনে লড়েছেন তাঁরা বাইরে থেকে তৃণমূল কংগ্রেসের সঙ্গী হলেও, ভিতরে বিজেপিকে সমর্থন করেন। তবে, তাতে লাভ কিছু হয়নি, আমরাই নির্বাচনে জয়লাভ করেছি।'

তৃণমূলের টিকিটে নির্বাচিত ফাঁসিদেওয়া পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ প্রণবেশ মণ্ডল সহ অনেকেই প্যানেলের বিপক্ষে লড়াই করেছিলেন। এদিন বিধাননগরে আয়োজিত দলের বিজয়া সম্মিলনিতে তাঁকেও দেখা যায়নি। ফোনে প্রণবেশ বললেন, 'দলের তরফে ডাকা হয়নি। তাই আমি ওই অনুষ্ঠানে যাইনি।'

## শিলান্যাস

**খড়িবাড়ি, ২৮ অক্টোবর :** খড়িবাড়ি বুন শ্মশানঘাটের রাস্তা তৈরিতে উদ্যোগী হল শিলিগুড়ি মহকুমা পরিষদ। সোমবার মহকুমা পরিষদের উদ্যোগে বুন নদীর সেতু থেকে কেশরডোবা শ্মশানঘাট পর্যন্ত পাকা রাস্তার শিলান্যাস করলেন মহকুমা পরিষদের বন ও ভূমি কর্মাধ্যক্ষ কিশোরীমোহন সিংহ। পঞ্চদশ অর্থ কমিশনের আনটায়েড ফান্ডে রাস্তাটি তৈরিতে ৩ লক্ষ ৫৯ হাজার ২৬৪ টাকা ব্যয় করা হবে। কিশোরীমোহন ছাড়াও এদিনের শিলান্যাস অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পঞ্চায়েত সমিতির সহ সভাপতি মহেশচন্দ্র সিংহ সহ অনেকে।

## গ্রেপ্তার চোর

**শিলিগুড়ি, ২৮ অক্টোবর :** একটি চুরি যাওয়া বাইক উদ্ধারের পাশাপাশি চুরির পান্ডাকে গ্রেপ্তার করেছে নিউ জলপাইগুড়ি থানার পুলিশ। গোপন সূত্রের খবরের ভিত্তিতে রবিবার গভীর রাতে নিউ জলপাইগুড়ি থানা সংলগ্ন মোড় বাজার এলাকা থেকে বাইক সহ মহম্মদ হাসিরুল নামের ওই ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়। ধৃতকে সোমবার জলপাইগুড়ি জেলা আদালতে তোলা হলে বিচারক জেল হেপাজতের নির্দেশ দেন।

## পাচারের আগে উদ্ধার পায়রা

**শিলিগুড়ি, ২৮ অক্টোবর :** পাচার হওয়ার আগে ৬টি বস্তায় বিপুল পরিমাণ পায়রা উদ্ধার করেছে নিউ জলপাইগুড়ি থানার পুলিশ। একটি চাল বোঝাই লরি রায়গঞ্জ থেকে অরুণাচল প্রদেশের দিকে যাচ্ছিল বলে পুলিশ জানিয়েছে। লরিটি এবং তার চালক সহ দুজনকে আটক করে থানায় নিয়ে আসে পুলিশ। ধৃতদের নাম ফিরদৌস আলম ও মহম্মদ আখতার হোসেন। দুজনেই উত্তর দিনাজপুর জেলার বাসিন্দা।

পায়রাগুলি উদ্ধার করার পর বন দপ্তরের ডাবগ্রাম রেঞ্জ অফিসে খবর দেওয়া হলে সোমবার সকালে থানায় এসে পৌঁছান বনকর্মীরা। পুলিশের তরফে আটক দুই ব্যক্তি সহ পায়রাগুলিকে বন দপ্তরের হাতে তুলে দেওয়া হয়। বন দপ্তরের তরফে আটক দুই ব্যক্তিকে দীর্ঘক্ষণ জিজ্ঞাসাবাদ করা হয়। যদিও বিকেলে তাদের ছেড়ে দেওয়া হয়েছে বলে খবর।

এপ্রসঙ্গে ডাবগ্রাম রেঞ্জের রেঞ্জ অফিসার স্বপনকুমার রাউত বলেন, 'আমরা জানার চেষ্টা করছিলাম এই ঘটনায় পাখি পাচার চক্রের কোনও যোগ রয়েছে কিনা। কিন্তু সেরকম কোনও বিষয় ছিল না। বিকেলে কয়েকটি পায়রাকে ছেড়ে দেওয়া হয়েছে। বাকি কয়েকটি অসুস্থ পায়রার চিকিৎসা চলছে। সেগুলিকে মঙ্গলবার ছেড়ে দেওয়া হবে।' বন্যপ্রাণ আইনে পায়রা নিয়ে যাওয়ায় বিধিনিষেধ না থাকায় এই ঘটনায় কোনও মামলা রুজু করা যায়নি বলে পুলিশ ও বন দপ্তরের তরফে জানানো হয়েছে।

## চাষিদের প্রশিক্ষণ

**ইসলামপুর, ২৮ অক্টোবর :** ইসলামপুর মহকুমা উদ্যানপালন দপ্তরের উদ্যোগে সোমবার ইসলামপুর বিডিও অফিসের কনফারেন্স হলে রবি মরশুমের বিভিন্ন সবজি চাষের প্রশিক্ষণ দেওয়া হল কৃষকদের। দপ্তরের আধিকারিক অনীক মজুমদার জানান, রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনার আওতায় আয়োজিত এই প্রশিক্ষণ শিবিরে ব্লকের মোট ৫০ জন কৃষক অংশগ্রহণ করেছিলেন। উপস্থিত সকল কৃষককে রবি মরশুমের বীজ সহ জৈব সারও বিতরণ করা হয়।

## দুর্ঘটনায় আহত বাইকচালক

**খড়িবাড়ি, ২৮ অক্টোবর :** বাইক ও টোটোর মুখোমুখি সংঘর্ষে গুরুতর আহত হলেন বাইকচালক। আহতের নাম রাহুল ওরাওঁ। তিনি বড় লোহাসিংজোত এলাকার বাসিন্দা। সোমবার সন্ধ্যায় বাইকে করে বাড়ি ফেরার সময় খড়িবাড়ি-ঘোষপুকুর সড়কে ডুমুরিয়া সেতু সংলগ্ন এলাকায় টোটোর সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয় তাঁর। দুর্ঘটনার পর ঘটনাস্থল থেকে টোটোচালক পালিয়ে যায়। তারপর স্থানীয়রা এসে আহতকে খড়িবাড়ি গ্রামীণ হাসপাতালে নিয়ে যান।

## তোমাকে সাজাব যতনে...



*শিলিগুড়ির কুমোরটুলিতে কালী প্রতিমা তৈরির ব্যস্ততা। সোমবার। ছবি : শান্তনু ভট্টাচার্য*

## আঙুলের ছাপে প্রবেশের অনুমতি

**শিলিগুড়ি, ২৮ অক্টোবর :** চিকিৎসকদের হাসপাতালের বিশ্রামকক্ষ বা রেস্টরুমে প্রবেশ করার জন্য এবার থেকে বায়োমেট্রিক ছাপ দিতে হবে। আধার বেসড বায়োমেট্রিক ব্যবস্থায় নির্দিষ্ট কয়েকজন চিকিৎসকের আঙুলের ছাপ দেওয়ার পরেই বিশ্রামকক্ষের দরজা খুলবে। উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে এমনই ব্যবস্থা চালু হচ্ছে।

হাসপাতাল সুপার ডাঃ সঞ্জয় মল্লিক জানিয়েছেন, এখানে চিকিৎসকদের জন্য ৪৪টি বিশ্রামকক্ষ ইতিমধ্যেই তৈরি হয়েছে। তার মধ্যে ২৮টিতে প্রথম পর্যায়ে বায়োমেট্রিক ভেরিফিকেশন ব্যবস্থা চালু হচ্ছে। বাকিগুলি পরবর্তী ধাপে কাজ হবে। রাজ্য সরকারের তথ্য প্রযুক্তি সংস্থা ওয়েবেল এই কাজ করছে বলে সুপার জানিয়েছেন।

আরজি কর হাসপাতালের ঘটনার পর থেকে রাজ্যের বিভিন্ন মেডিকেলে চিকিৎসকদের নিরাপত্তা ব্যবস্থা নিয়ে প্রশ্ন ওঠে। মেডিকেলগুলিতে চিকিৎসকদের জন্য পর্যাপ্ত বিশ্রামকক্ষ না থাকায় অনেক সময় ওয়ার্ডে বা অন্য কোথাও শুয়ে-বসে থাকতে হয়। আরজি করের তরুণী চিকিৎসক সেমিনার

### মেডিকেলের বিশ্রামকক্ষ

রুমে বিশ্রামের জন্য গিয়েছিলেন। সেখানেই তাঁকে ধর্ষণ করে খুন করা হয় বলে অভিযোগ।

এই ঘটনার পরেই উত্তরবঙ্গ মেডিকেলে চিকিৎসকদের বিশ্রামকক্ষ তৈরির কাজ শুরু হয়েছে। প্রতিটি কক্ষের সংস্কারের পাশাপাশি আলো, পাখা, শয্যা লাগানো হয়েছে। এবার নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করতে বায়োমেট্রিক লক-আনলক ব্যবস্থা চালু হচ্ছে। এর ফলে যে কেউ চাইলেই চিকিৎসকদের বিশ্রামকক্ষে প্রবেশ করতে পারবে না।

## গাছ কাটা শুরু

**বাগডোগরা, ২৮ অক্টোবর :** বাগডোগরা বিমানবন্দরের সম্প্রসারণের কাজ শুরু হয়েছে। সম্প্রসারণের জন্য ১০৪ একর জমি অধিগ্রহণ করা হয়েছিল। ওই জমিতে বিভিন্ন ধরনের গাছ রয়েছে। ওয়েস্ট বেঙ্গল ফরেস্ট ডেভেলপমেন্ট কর্পোরেশনের তরফে সেই গাছ কাটা হচ্ছে। কার্সিয়াং বন বিভাগের বাগডোগরার রেঞ্জ অফিসার সোনম ভুটিয়া বলেন, 'বিমানবন্দরের জমিতে ছোট, মাঝারি, বড় মিলিয়ে প্রায় ১,৩০০ গাছ রয়েছে। সেই সমস্ত গাছ কাটা শুরু হয়েছে। গাছগুলি কাটার পর তা টেন্ডার ডেকে বিক্রি করবে ফরেস্ট ডেভেলপমেন্ট কর্পোরেশন।'

বিমানবন্দরের জয়েন্ট জেনারেল ম্যানেজার ভূদেব সরকারের বক্তব্য, '২০ অক্টোবর কাজের শিলান্যাস হয়েছে। তার পরদিন থেকে গাছ কাটা সহ অন্যান্য কাজ চলছে।' প্রসঙ্গত, ২০ অক্টোবর বেনারস থেকে ভার্চুয়ালি বিমানবন্দরের কাজের শিলান্যাস করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এজন্য শিলিগুড়ি সংলগ্ন কাওয়াখালির মাঠে একটি অনুষ্ঠান হয়। আন্তর্জাতিক মানের করে গড়ে তোলা হচ্ছে এই বিমানবন্দর।

## চটহাটে পানীয় জলের কষ্ট

**ফাঁসিদেওয়া, ২৮ অক্টোবর :** পানীয় জলের সমস্যায় ভুগছেন চটহাট বাঁশগাঁও গ্রাম পঞ্চায়েতের ১৫ হাজারের বেশি বাসিন্দা। এলাকায় জলের প্রকল্প রয়েছে ঠিকই, তবুও সমস্যা মিটছে না বলে অভিযোগ। ফাঁসিদেওয়া ব্লকের পেটকি, মুড়িখাওয়া, বান্দরজুলি, নিতবাজার, হাগরাগছ গ্রামে পানীয় জলের সমস্যা সবচেয়ে বেশি। ওই সমস্ত এলাকায় চাষের জন্য সাবমার্সিবল পাম্প দিয়ে জল তোলা হয়। এর জেরে জলের স্তর নেমে যায় বলে বাসিন্দারা জানিয়েছেন।

প্রধান রাজেশ মণ্ডলের বক্তব্য, 'একাধিক গ্রামে পানীয় জলের প্রকল্প রয়েছে। তবে এত মানুষের জন্য তা পর্যাপ্ত নয়। কিছু জায়গায় নতুন জলপ্রকল্পের বোরিং এবং ছাদের কাজ হয়ে গিয়েছে। আগামী ৬ মাসের মধ্যে প্রকল্প চালু হয়ে যাবে।'

হাগরাগছ এবং নিতবাজার এলাকার অনেকেই পানীয় জল কিনে পান করছেন। অপরিস্রুত জল খেয়ে অনেকে আবার পেটের রোগে ভুগছেন বলে দাবি জাকির হোসেন, মহম্মদ আলমদের।

চটহাট বাঁশগাঁও গ্রাম পঞ্চায়েত সূত্রে জানা গিয়েছে, জলের সমস্যা মেটাতে ৬টি সোলার ওয়াটার প্রোজেক্ট রয়েছে। যদিও এরপরও সমস্যা মেটানো যায়নি। তাই সমস্যা মেটাতে উদ্যোগী হয়েছে জনস্বাস্থ্য কারিগরি দপ্তর (পিএইচই)।

পিএইচই সূত্রে খবর, গ্রাম পঞ্চায়েত এলাকায় আরও ২টি রিজার্ভার ও আরও ৫টি পাম্পহাউস নির্মাণ চলছে। বাড়ি বাড়ি পানীয় জল সরবরাহের জন্য পাইপও বসানো হচ্ছে।

পিএইচই সূত্রে জানা গিয়েছে, কয়েক মাসের মধ্যে এই পাম্পগুলি চালু করা হবে। পাশাপাশি জলও সরবরাহ শুরু হবে। গ্রাম পঞ্চায়েত কর্তৃপক্ষের আশা, এতে পানীয় জলের সমস্যা অনেকটাই মিটবে।

## পছন্দের লোককে পদে বসাতে নেত্রীর কাছে তদ্বির

# প্রধানশূন্য লোয়ার বাগডোগরা

মহম্মদ হাসিম

**বাগডোগরা, ২৮ অক্টোবর :** এক বছর ধরে লোয়ার বাগডোগরা গ্রাম পঞ্চায়েতের প্রধান পদ ফাঁকা পড়ে আছে। পদটি মহিলাদের জন্য সংরক্ষিত। উপপ্রধান বিশ্বজিৎ ঘোষকে ভারপ্রাপ্ত প্রধানের দায়িত্ব দেওয়া হয়েছিল। তারপর এক বছর হতে চললেও নতুন মহিলা প্রধানের নাম এখনও ঘোষণা করেনি তৃণমূল কংগ্রেস। কে হবেন পরবর্তী প্রধান, তা নিয়ে শুরু হয়েছে জল্পনা। লোয়ার বাগডোগরা গ্রাম পঞ্চায়েতেই বাড়ি তৃণমূল কংগ্রেসের জেলা সভানেত্রী পাপিয়া ঘোষের। খোদ জেলা সভানেত্রীর এলাকায় প্রধান পদ কেন এক বছরের বেশি সময় ধরে ফাঁকা, সংরক্ষিত ওই পদে কেন কোনও মহিলা পঞ্চায়েত সদস্যকে বসানো হয়নি, এই প্রশ্ন উঠছে। এনিয়ে ক্ষোভ জমছে দলের অন্দরে। যদিও জেলা প্রকাশ্যে কেউ মুখ খুলতে চাইছেন না।

২০২২ সালের পঞ্চায়েত নির্বাচনে লোয়ার বাগডোগরার ২১টি আসনের মধ্যে ১৭টি আসনে জয়লাভ করেন তৃণমূল কংগ্রেসের প্রার্থীরা। এই ১৭ জনের মধ্যে মহিলা ছিলেন ১০ জন। সেই সময় বীথি দাস তালুকদারকে প্রধান পদে বসিয়ে বোর্ড গঠন করে তৃণমূল। ঠিক এক বছরের মাথায় তিনি সরকারি চাকরিতে যোগ দেন। তারপর থেকে লোয়ার বাগডোগরার ভারপ্রাপ্ত প্রধানের পদে রয়েছেন বিশ্বজিৎ ঘোষ।



*লোয়ার বাগডোগরা গ্রাম পঞ্চায়েত কার্যালয়।*

> যাঁকে প্রধান পদে বসানো হয়েছিল, তিনি ছুটিতে রয়েছেন। ছুটির মেয়াদ এর মধ্যে শেষ হয়ে যাবে। তারপরই আমরা নতুন প্রধান ঠিক করব।
>
> **-পাপিয়া ঘোষ,** *জেলা সভানেত্রী তৃণমূল কংগ্রেস, দার্জিলিং(সমতল)*

প্রধান পদ মহিলাদের জন্য সংরক্ষিত হলেও কোনও মহিলা পঞ্চায়েত সদস্যকে ওই পদে বসানো হয়নি। মহিলা জনপ্রতিনিধিরা বিষয়টি নিয়ে ইতিমধ্যে নকশালবাড়ি ব্লক প্রশাসনের কাছে অভিযোগ জানাতে শুরু করেছেন। যদিও নকশালবাড়ির বিডিও প্রণব চট্টরাজ বলেন, 'লোয়ার বাগডোগরা গ্রাম পঞ্চায়েতে উপপ্রধানকেই ভারপ্রাপ্ত প্রধানের দায়িত্ব দেওয়া হয়েছে। যার মেয়াদ প্রায় শেষ হতে চলেছে। পরবর্তী প্রধান পদে কে বসবেন তা পঞ্চায়েত আইন অনুযায়ী সিদ্ধান্ত হবে।' ভারপ্রাপ্ত প্রধান বিশ্বজিৎ ঘোষের বক্তব্য, 'ছটপুজোর পরেই পরবর্তী প্রধানের নাম ঘোষণা হবে।' লোয়ার বাগডোগরা গ্রাম পঞ্চায়েতের বিরোধী দলনেতা বিজেপির বিক্রম সিংহ কটাক্ষের সুরে বলছেন, 'পরবর্তী মহিলা প্রধান কে হবেন তা নিয়ে তৃণমূল কংগ্রেস এখনও সিদ্ধান্তই নিতে পারেনি।'

তবে গ্রাম পঞ্চায়েত সূত্রের খবর, লোয়ার বাগডোগরার পরবর্তী প্রধান পদে তিনজন পঞ্চায়েত সদস্যর নাম প্রাথমিকভাবে উঠে এসেছে। তাঁদের একজন হলেন লোয়ার বাগডোগরার ক্ষুদিরামপল্লির পঞ্চায়েত সদস্য বনানী দাস। সম্প্রতি সিপিএম থেকে তৃণমূল কংগ্রেসে যোগদান করেছেন তিনি। তবে প্রধান পদে তাঁকে দেখতে চাইছেন না তৃণমূলের অন্য পঞ্চায়েত সদস্যরা। যদিও এবিষয়ে প্রকাশ্যে কিছু বলতে চাইছেন না কেউই। এছাড়া মমতা বর্মন দাস ও সোনা ঘোষের নামও রয়েছে চর্চায়। এঁদের মধ্যে থেকে কাউকে লোয়ার বাগডোগরার প্রধান পদে বসানো হতে পারে বলে জল্পনা ছড়িয়েছে। ইতিমধ্যে জেলা সভানেত্রীর কাছে তদ্বিরও শুরু হয়েছে। অন্য পঞ্চায়েত সদস্যদের সমর্থন আদায়ের চেষ্টাও চলছে তলে তলে। অন্যদিকে ঘাসফুল শিবির সূত্রের খবর, কাকে প্রধান পদে বসানো হবে, তার দায়িত্ব দেওয়া হয়েছে নকশালবাড়ি পঞ্চায়েত সমিতির এক সর্বোচ্চ পদাধিকারীকে।

জেলা সভানেত্রী পাপিয়া ঘোষ বলছেন, 'যাঁকে প্রধান পদে বসানো হয়েছিল, তিনি ছুটিতে রয়েছেন। ছুটির মেয়াদ এর মধ্যে শেষ হয়ে যাবে। তারপরই আমরা নতুন প্রধান ঠিক করব।' এনিয়ে দলে কোনও বিতর্ক নেই বলে জানিয়েছেন তিনি।

# জীবনযাপনে শ্বাস নেবার উৎসব

**বিজন চক্রবর্তী**
*অর্থনৈতিক পর্যবেক্ষক, সেক্রেটারি, নর্থবেঙ্গেল ইকনমিক অ্যাসোসিয়েশন*

আজ ধনতেরাস। সারা দেশের সঙ্গে এই বঙ্গেও এর রমরমা। বেঁচে থাকার লড়াই যখন আমাদের প্রতিদিন বিচলিত করে চলেছে সেই আঙ্গিকে চটজলদি কিছু অর্থপ্রাপ্তির আশায় সাধারণ মানুষ বর্তমানে এই উৎসবকে সমাজজীবনে স্বীকৃতি দিচ্ছে বলেই আমার মনে হয়। সমাজবিজ্ঞান এবং অর্থনীতির একজন সাধারণ পর্যবেক্ষক হিসেবে মনে হয়, বিত্তবাসনা মানুষের চিরদিনের মায় চিরকালের। আজ যখন ক্ষমতা (পড়ুন অর্থনৈতিক ক্ষমতা) মুষ্টিমেয় কিছু ব্যক্তির মধ্যে কুক্ষিগত হচ্ছে, দেশ-কাল ব্যতিরেকে, যেখানে জীবনধারণের লড়াই থেকে ক্রমশ পিছু হটছে সাধারণ মানুষ, তাৎপর্যপূর্ণভাবে অধিকাংশ মানুষ আজ এক জাদুকাঠির সংস্পর্শে আসতে চাইছে। দক্ষতা, কুশলতার প্রতিটি মাপকাঠিতে এদেরকে পেছনে ফেলে প্রাধান্য পেতে শুরু করেছে অর্থের প্রভাব ও দক্ষতা। বর্তমান সময়ের বিচারে, প্রতিদিনের প্রায় প্রতিটি ক্ষেত্রে অর্থ হয়ে উঠছে সাধারণ মানুষের অভিজ্ঞান। এর পাশাপাশি প্রতিদিনকার জীবনেও সাফল্য অর্জনের রাস্তায় বৃদ্ধি পেয়ে চলেছে বিভিন্ন রকমের পুজোবিধি যা কিনা একটি নির্দিষ্ট সংকল্প মেনে করা হচ্ছে। কী সেই অভীষ্ট সংকল্প। নির্দিষ্টভাবে বললে অবশ্যই বিত্তবাসনা বা বিত্তের অভিলাষ। প্রশ্ন উঠতেই পারে এর মধ্যে অন্যায় কোথায়। প্রতিদিন যখন অর্থনৈতিক অবস্থানের উপর বিশেষ ভিত্তি করেই আমাদের বাঁচার রসদ তৈরি রাখতে হয়। সমস্যা তৈরি হচ্ছে অন্য জায়গায়। বিত্তের উদগ্র অভিলাষ আমাদের টেনে নিয়ে যাচ্ছে এমন জায়গায় যেখানে একটা অসামঞ্জস্য তৈরি হচ্ছে প্রতিনিয়ত। সেখানে ন্যায়, নীতি, সক্ষমতা ও কুশলতার প্রশ্নে আমাদের সবসময় যেন একটা আপস করে যেতে হচ্ছে। সেখানেই তৈরি হচ্ছে নিজের সঙ্গে সংঘাত, জন্ম নিচ্ছে অসংখ্য সামাজিক দ্বন্দ্বের মতো পরিস্থিতির। যা আমাদের দৈনন্দিন বেঁচে থাকার লড়াইকে আরও কঠিন করে তুলছে। আমরা বিভিন্ন ধার্মিক রীতি, নীতিকে আঁকড়ে ধরে এক আর্থসামাজিক বিপন্নতাবোধ তৈরি করে ফেলছি যেন। ধনতেরাসের মতো আরোগ্য চেতনা বা জ্ঞানকল্পের প্রতীকী দিন কীভাবে সম্পূর্ণ পালটে গিয়ে হয়ে উঠল বিত্ত অভিলাষ প্রাপ্তির উদযাপন অনুষ্ঠান তা বোঝা দরকার।

পৌরাণিক উপাখ্যানে বিশেষ করে বিষ্ণুপুরাণ মতে আশ্বিন বা কার্তিক মাসের কৃষ্ণা ত্রয়োদশী তিথিতে সুরাসুরগণ মন্দার পর্বতকে দণ্ড তৈরি করে ও বাসুকি নাগকে রজ্জুজ্ঞানে ক্ষীর সাগরকে মথিত করে তুলতে চায়। কিছু সময় ধরেই এই মন্থনপর্ব চলছিল। অবশেষে এই ত্রয়োদশী তিথিতেই সর্বমোট চোদ্দোটি বিশেষ উপকরণ সাগর থেকে উঠে আসে। সর্বপ্রথমে উঠে আসেন যিনি, তিনি বৈদ্যরাজ ধন্বন্তরি। যাঁকে আবার বিষ্ণুর অবতার হিসেবে পুরাণে বর্ণনা করা হয়েছে। চতুর্ভুজ এই অবতারের হাতে ছিল অমৃতকলস, যাতে রাখা ছিল দেবতা ও সমগ্র প্রাণীজগতের জন্য জ্ঞানরূপী অমরত্ব। এমন একজন দিব্য পুরুষকে মহিমান্বিত করার জন্যই এই বিশেষ দিনটিকে ধনত্রয়োদশী কালক্রমে ধনতেরাস বলে আখ্যায়িত করা হয়েছে বলে পুরাণ বিশেষজ্ঞদের অভিমত। তাঁদের বিশেষ মত এই যে, ধনতেরাসের সঙ্গে ধনপ্রাপ্তির কোনও যোগসূত্র নেই। একে একে অন্য যে সমস্ত উপকরণ সমুদ্র থেকে উঠে আসে পাঞ্চজন্য শঙ্খ, কৌস্তভ মণি (রত্ন), বিত্তের দেবী লক্ষ্মী, সারং ধনুক, ভারুনী (জল ও সুরার দেবী), অপ্সরা রম্ভা, মোহিনী, মৃগাঙ্ক (চন্দ্রদেব), পারিজাত ও কল্পতরু বৃক্ষরাজি, কামধেনু গাভি, ঐরাবত (চার দাঁত ও সাত শুঙ্গবিশিষ্ট হস্তী), হলাহল (বিষ), উচ্চশ্রবা নামক অশ্ব। তাহলে দেখা যাচ্ছে কেন এতগুলো প্রাপ্তির মধ্যে কেবলই লক্ষ্মী প্রাপ্তিকেই সবচাইতে প্রাধান্য দেওয়া হয়েছে। জ্ঞানস্বরূপ অমৃত যা কিনা বৈদ্যরাজ ধন্বন্তরি সর্বাগ্রে হাতে নিয়ে উঠে এসেছিলেন তার থেকে অধিক পূজ্য হয়ে উঠলেন কালক্রমে বিত্তের আরাধ্য দেবী শ্রীং থেকে শ্রী বা দেবী লক্ষ্মী। সামাজিক বিশ্লেষণে বর্তমান নিরিখে ধরে নেওয়া যেতেই পারে যে অর্থরূপ স্বাচ্ছন্দ্য জ্ঞানরূপ অমৃতের অপেক্ষা অধিক কাঙ্ক্ষিত উপাদান। অর্থনৈতিক স্বাধিকার প্রতিষ্ঠা দিতে পারে মানুষের জ্ঞান অভিলাষকে। অর্থনৈতিক অধিষ্ঠান প্রতিষ্ঠা এই স্বাচ্ছন্দ্যই পারিজাত বৃক্ষ, কল্পতরুকে যথাযোগ্য করে তুলতে পারে বেঁচে থাকার রসদ জোগানের মধ্য দিয়ে। কারণ আমরা জানি ক্ষুধার রাজ্যে পৃথিবী সবসময় গদ্যময় থাকে সেটা সুকান্ত ভট্টাচার্য বহুদিন আগে বলে গিয়েছেন। সাধারণ মানুষের জেরবার হতে থাকা বেঁচে থাকার লড়াই তাই ধনতেরাসের উদযাপনেই বারবার শ্বাস নিতে চায়, জীবনযাপনের অমরত্বকে প্রাপ্ত করতে চায়, সেটা বর্তমানে যতই অসম উদযাপনই হোক না কেন।





# ধনতেরাস পকেট উপুড় লক্ষ্মীলাভে

একটা সময় ধারণা ছিল ধনতেরাস অবাঙালিদের উৎসব। এখন আর এই উৎসব কোনও নির্দিষ্ট সম্প্রদায়ের মধ্যে সীমাবদ্ধ নেই। সব উৎসব অনুষ্ঠান নিয়েই এখন বাণিজ্যিক প্রবণতা থাকে, ধনতেরাস নিয়ে এই প্রবণতা যেন একটু বেশিই। তাই বাজারে দেখা যাচ্ছে গ্রাহক টানতে চলছে নানা অফার, ছাড়ের খেলা, লিখেছেন পারমিতা রায়।





## ধাতুর বিক্রি

ধনতেরাসের বাজারে হিট কী সেই তালিকায় মানুষের প্রথম পছন্দেই থাকে ধাতু। মন সোনাতে থাকলেও বাজেটের দিকে নজর রেখে রুপো, পিতল, তামা এমনকি লোহা এগুলিতে মন ভোলাচ্ছেন অনেকেই। বিভিন্ন দোকান ঘুরে যে তথ্য উঠে এল সেই অনুযায়ী অনেক সোনা ব্যবসায়ী বলছেন এবছর সোনা থেকে অন্য ধাতুর বিক্রি বেশি।

## ঘর সাজাতে

অনেকেই মনে করেন এই উৎসবে বাড়ির জন্য প্রয়োজনীয় যে কোনও সামগ্রী কেনাকাটা করা যেতে পারে। তাই শহরের বিভিন্ন ইলেক্ট্রনিক্স, আসবাবপত্রের দোকান, শোরুম থেকে শুরু করে ছোট ছোট দোকানেও দেখা যাচ্ছে ক্রেতাদের ঢল। ঘর সাজাতে কেউ কিনছেন রেফ্রিজারেটর, ওয়াশিং মেশিন থেকে শুরু করে আরও অনেক কিছু।

## সংখ্যা বাড়ছে

সময়ের সঙ্গে সঙ্গে ধনতেরাস উদযাপনের মানুষের সংখ্যা যে বাড়ছে সেই কথাই বলছিলেন ব্যবসায়ীরা। পকেটে টান থাকলেও বাড়িতে সমৃদ্ধির আশায় অনেকেই কিনছেন বাসনপত্র। তাই শহরের মহাবীরস্থান, বিধান মার্কেট ঘুরে অনেককেই দেখা গেল বাসনপত্রের দোকানে ভিড় জমাতে। কেউ আবার অগ্রিম বলে যাচ্ছেন, তবে কিনবেন ধনতেরাসের দিন।

## সবার ভগবান

হরিপদ দাস, স্বর্ণ ব্যবসায়ী– এই উৎসবে ধাতু কেনার চল আছে। সোনা, রুপোর দিকেই মানুষের ঝোঁক থাকে। আগে এই উৎসব অবাঙালিদের মনে করলেও এখন বুঝলাম ভগবান তো সবার তাই এই উৎসব সবাই উদযাপন করেন।

## জোড়া অফার

অনুপ সাহা, ইলেক্ট্রনিক্স ব্যবসায়ী– এখন দেওয়ালি ও ধনতেরাস অফার একসঙ্গেই চলছে। অনেকেই ধনতেরাসের কেনাকাটায় ইলেক্ট্রনিক সামগ্রীও কিনছেন। আগে অবাঙালি ক্রেতাদের বেশি দেখা গেলেও এখন বাঙালি ক্রেতারা প্রচুর আসেন।



## বাসনের অর্ডার

শুভ পাল, বাসন বিক্রেতা– অনেকেই আগে থেকে তামার বোতল, কলসি, পেতলের থালা ইত্যাদি বাসনের অর্ডার দিয়ে গিয়েছেন। কেউ কেউ আগেই কিনছেন আবার কেউ কেউ ধনতেরাসের সন্ধ্যাতেই কেনাকাটা করেন। এই সময় ব্যবসাটা বেশ ভালো হয়।

## ঝাড়ুর আজ-কাল

মুরলী কুমার, ফুটপাথে ঝাড়ু বিক্রেতা– সারাবছর ডাব বিক্রি করি। তবে ধনতেরাসের দিন ঝাড়ু বিক্রি করি। একদিন আগের থেকেই শুরু করেছি। ধনতেরাসের রাত অবধি বিক্রি হবে। আজকে ৬০ থেকে ৮০ টাকাতে বিক্রি করছি। কাল দামটা বাড়বে।

## কেনার দিনবদল

মূলত সোনা, রুপো, পেতল, কাঁসা, তামা সহ নানা ধাতুর গয়না, বাসনপত্র কেনাকাটা, লক্ষ্মী-গণেশের মূর্তি, ঝাড়ু কেনারই রীতি ছিল। তবে বর্তমানে নানা ধরনের ইলেক্ট্রনিক সামগ্রী যেমন এসি, ফ্রিজ, ওয়াশিং মেশিন এমনকি মোবাইল ফোনের বিক্রিও হচ্ছে ধনতেরাস উপলক্ষ্যে।

## শ্রদ্ধার দিন

পিনাকী রায়– কয়েক বছর আগে পর্যন্ত ধনতেরাস করতাম না। তবে এখন এই দিনটিতে সাধ্যমতো কেনাকাটা করছি। এই দিনটিকে শ্রদ্ধার সঙ্গে পালন করার চেষ্টা করছি।

## ধনতেরাসে পুজো

বাসন্তী রায়– ভগবানের আরাধনা তো সবাই করতে পারে। বাঙালি-অবাঙালি ভাবলে হবে না। বাড়িতে সুখসমৃদ্ধির আশায় আমি ও আমার পরিবারের লোকেরা বিগত ৮ বছর ধরে ধনতেরাসে পুজো ও কেনাকাটা করি।

## বান্ধবীর পরামর্শ

শ্রীতমা শীল- কাল রুপোর মালা কিনব তাই দোকানে বলে গেলাম। শুনেছি এই দিনে ধাতু কেনা ভালো তাই কেনা আর কি। আমার অবাঙালি এক বান্ধবীর পরামর্শেই আমি ধনতেরাস উদযাপন করতে পারি।

## মিলনের শহর

সম্প্রদায়ের গণ্ডি পেরিয়ে উৎসব যে সবার শহর শিলিগুড়ি তা বারবার প্রমাণ করছে। তাই দুর্গাপুজোর ভাসানে যেমন সব সম্প্রদায়ের মানুষদের নাচতে দেখা যায় তেমনই ছটপুজো, ধনতেরাসের মতো উৎসবও বাঙালিদের পালন করতে দেখা যায়।



# ডাক্তার সেজে চিকিৎসায় প্যাথলজিস্ট

অরুণ ঝা

**ইসলামপুর, ২৮ অক্টোবর :** নজিরবিহীন কাণ্ড ইসলামপুর মহকুমা হাসপাতালে। হাসপাতালের প্যাথলজিস্টকে দিয়ে মেডিসিন বিশেষজ্ঞের কাজ করাচ্ছে কর্তৃপক্ষ। রোগী ও তাঁদের পরিজনদের অজান্তেই বিশেষজ্ঞ চিকিৎসক সেজে চিকিৎসা করছেন প্যাথলজিস্ট শেখ আব্দুল গনি। খোদ আব্দুল এই কথা স্বীকার করে নিয়েছেন। তবে তাঁর মন্তব্য, 'এ নিয়ে যা বলার ঊর্ধ্বতন কর্তৃপক্ষ বলবে।' হাসপাতালের সমস্ত চিকিৎসক সহ চিকিৎসকদের সংগঠনগুলিও এই অনিয়মের কথা স্বীকার করেছেন। সংগঠনের পদাধিকারীরা বলছেন, 'ঊর্ধ্বতন কর্তৃপক্ষের এই বিষয়ে কিছুই অজানা নয়। তারপরও মেডিসিন বিভাগে চিকিৎসক নিয়োগ নিয়ে স্বাস্থ্য দপ্তরের কোনও হেলদোল নেই।'

হাসপাতাল সুপার সুরজ সিনহার প্রতিক্রিয়া জানতে একাধিকবার ফোন করা হলেও তিনি সাড়া দেননি। উত্তর দিনাজপুর জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক পূরণ শর্মাকে এই নিয়ে প্রশ্ন করতেই তিনি কার্যত মেজাজ হারিয়ে সংবাদমাধ্যমকে দুষতে শুরু করেন। এমনকি হাসপাতালের প্যাথলজিস্টের বিশেষজ্ঞ চিকিৎসক সেজে পরিষেবা দেওয়ায় তিনি কোনও দোষ দেখছেন না বলে যুক্তি খাড়া করেন। তাহলে বিশেষজ্ঞ চিকিৎসকের আলাদা কোনও গুরুত্ব নেই? এই প্রশ্নের উত্তর না দিয়েই তিনি ফোন কেটে দেন।

বর্তমানে ইসলামপুর হাসপাতালে মাত্র দুজন মেডিসিন বিশেষজ্ঞ রয়েছেন। কিন্তু এখানেই রোগীর চাপ সবথেকে বেশি। হাসপাতাল সূত্রে খবর, বহির্বিভাগে মোট রোগীর ৬০ শতাংশ এবং অন্তর্বিভাগে চিকিৎসাধীন মোট রোগীর ৭০ শতাংশ মেডিসিন বিভাগের। ফলে মাত্র দুজন মেডিসিন বিশেষজ্ঞ দিয়ে সংশ্লিষ্ট বিভাগের পরিষেবা দিতে নাভিশ্বাস উঠছে কর্তৃপক্ষের। সেই কারণে অ্যান্টি রেট্রোভাইরাল থেরাপি (এআরটি) বিভাগে চুক্তির ভিত্তিতে থাকা এক মহিলা চিকিৎসক (যিনি এমডি চেস্ট) এবং হাসপাতালের প্যাথলজিস্টকে দিয়ে মেডিসিন বিভাগ জোড়াতালি দিয়ে সামাল দেওয়া হচ্ছে।

চলতি বছর হাসপাতালের দুজন মেডিসিন বিশেষজ্ঞ চাকরি ছেড়েছেন। একজন গত মার্চ মাসে চাকরি ছাড়েন। অপরজন গত দু'মাস আগে চাকরি ছেড়েছেন। স্বাস্থ্য প্রশাসনের এক কর্তার দাবি, ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে বনিবনা না হওয়ার কারণেই ওই দুই চিকিৎসক চাকরি ছেড়েছেন।

প্রশ্ন উঠছে, প্যাথলজিস্টকে বিশেষজ্ঞ চিকিৎসকের তকমা দিয়ে রোগীর চিকিৎসা করানো কতটা যুক্তিযুক্ত? রোগীর চিকিৎসা সংক্রান্ত ঝুঁকিই বা কতটা? মুখ্য স্বাস্থ্য আধিকারিকের যুক্তি, 'এমবিবিএস সম্পন্ন করে প্যাথলজিতে এমডি করা একজন চিকিৎসক যদি মেডিসিন বিভাগে রোগীর চিকিৎসা করতে আত্মবিশ্বাসী থাকেন তাতে আপনাদের আপত্তি কেন? স্বাস্থ্য প্রশাসন সেটা সঠিক মনে করেছে বলে তিনি চিকিৎসা করছেন। এই নিয়ে হইচই করার কিছু নেই।'

জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকের যুক্তির রেশ টেনে স্বাস্থ্য প্রশাসনের অপর এক কর্তা বলছেন, 'তাহলে সার্জারি ও অর্থোপেডিক বিশেষজ্ঞদের দিয়ে মেডিসিন বিভাগে চিকিৎসা করাতে আপত্তি কোথায়?'




*ইসলামপুর মহকুমা হাসপাতাল।*

# বিদ্যুৎ সংযোগ নিয়ে সচিবের প্রতিবাদ

**শিলিগুড়ি, ২৮ অক্টোবর :** শিলিগুড়ি রেগুলেটেড মার্কেটে বিতর্কিত দোকানঘরগুলিতে বিদ্যুৎ সংযোগের জন্য 'এনওসি' ইস্যুর অভিযোগ নস্যাৎ করলেন সচিব অনুপম মৈত্র। তথ্য তুলে ধরে অনুপম দাবি করেছেন, তিনি আসার আগে দোকানঘরগুলিতে বিদ্যুতের সংযোগ দেওয়া হয়েছিল। সচিবের কথায়, 'চলতি বছরের ১৫ মার্চ আমি রেগুলেটেড মার্কেটে কাজে যোগ দিই। দোকানঘরগুলির বিদ্যুৎ সংযোগের জন্য এনওসি ইস্যু হয়েছিল ৩০ জানুয়ারি। আমি কাজে যোগ দেওয়ার আগে অভিযোগ উঠেছিল। আমাকে কোনও ব্যবসায়ী অভিযোগের কথা জানায়নি।'

সচিব দাবি করেছেন, মার্কেটের সাতটি দোকানঘরের নির্মাণকাজ বন্ধ রাখার জন্য তিনি নোটিশ করেছিলেন, যা নিয়ে একটি মামলাও হয়েছে।

# অভিনব ছিনতাইয়ের ঘটনায় উদ্বেগ বাড়ছে

**শিলিগুড়ি, ২৮ অক্টোবর :** বাইক আটকে অনলাইনে টাকা নিয়েও শেষরক্ষা হল না। জামিন পাওয়ার আটদিনের মধ্যেই নতুন করে আরও একটি ছিনতাইয়ের ঘটনায় গ্রেপ্তার হল এক দুষ্কৃতী। ধৃতের নাম মহম্মদ আফতাব। চলতি মাসের শুরুতেই চতুর্থ মহানন্দা সেতু হয়ে মাটিগাড়া যাওয়ার পথে এক ব্যক্তিকে লিফট দিয়ে সর্বস্বান্ত হয়েছিলেন এক তরুণ। ওই ঘটনায় অন্যতম মূল অভিযুক্ত ছিল এই দুষ্কৃতী। চোদ্দোদিনের বেশি জেল খাটার পর ছাড়া পেতেই ফের একই কাণ্ড ঘটাল সে। এই ঘটনায় আফতাব ছাড়াও দীপক কাহার নামে আরও একজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। সোমবার ধৃতদের শিলিগুড়ি মহকুমা আদালতে তুলে ছয়দিনের হেপাজতে নিয়েছে পুলিশ।

সম্প্রতি মাটিগাড়া থানায় শেখর দত্ত নামের গোঁসাইপুরের এক বাসিন্দা একটি অভিযোগ দায়ের করেন। তিনি জানান, গত শনিবার মাটিগাড়ায় বাজার করে তুম্বাজোতের জোড়াব্রিজের দিকে যাওয়ার সময় ভরসন্ধ্যায় তাঁকে দাঁড় করায় দুজন দুষ্কৃতী। শেখর বলেন, 'এরপর ওরা আমার গলা টিপে ধরে। চাকু বের করে আমাকে হুমকি দিতে থাকে। আমার কাছে থাকা এটিএম কার্ড, মোবাইল ফোন সহ ছয়শো টাকা ছিনিয়ে নেয়। এরপর আরও কয়েকজন দুষ্কৃতী সেখানে জড়ো হয়ে আমাকে মারধর করতে থাকে। আমার মোবাইল থেকে অনলাইনে একজনের অ্যাকাউন্টে ৩০,০০০ টাকা নিয়ে নেয়।'

প্রাণভয়ে পালিয়ে যাওয়ার সময় তাঁকে হুমকি দেওয়া হয়। বলা হয় কাউকে এই ঘটনার কথা বললে পরিণতি আরও ভয়ংকর হবে। এদিকে শেখরের এক বন্ধু বলেন, 'শেখরকে কাঁদতে কাঁদতে আসতে দেখে ঘটনাটা শুনি। এরপরই আমি মাটিগাড়া থানায় অভিযোগ দায়ের করাই।' অভিযোগ দায়েরের পরেই তদন্তে নামে মাটিগাড়া থানার পুলিশ। শেষমেশ রবিবার রাতে ঘটনার সঙ্গে জড়িত আফতাবের পাশাপাশি দীপককেও গ্রেপ্তার করে পুলিশ। আফতাব গোয়ালাপট্টির ও দীপক ঝংকার মোড় এলাকার বাসিন্দা।

এই মাসের শুরুতেও স্কুটারে ওঠানোর পর এই গ্যাংয়ের সদস্যরা এক তরুণকে চা বাগানের একটি ফাঁকা জায়গায় নিয়ে গিয়েছিল। এরপর সেখানে মারধর করার পাশাপাশি একইরকমভাবে অনলাইন ট্রানজ্যাকশন করিয়ে নিয়েছিল। তুম্বাজোতের বাসিন্দা পরেশ দাসের কথায়, 'এই গ্যাংয়ের বিরুদ্ধে পুলিশের তরফে কড়া ব্যবস্থা না নেওয়া হলে তুম্বাজোতের এই রাস্তাই আশঙ্কার জায়গা হয়ে দাঁড়াবে।'

## বাইক আটকে অনলাইনে টাকা আদায়



- শনিবার মাটিগাড়ায় বাজার করে ফেরার পথে দুষ্কৃতীদের খপ্পরে পড়েন এক ব্যক্তি
- দুষ্কৃতীরা তাঁর গলা টিপে ধরে এবং চাকু বের করে হুমকি দিয়ে এটিএম কার্ড, মোবাইল ছিনিয়ে নেয়
- দুষ্কৃতীরা তাঁর মোবাইল থেকে অনলাইনে একজনের অ্যাকাউন্টে ৩০,০০০ টাকা নিয়ে নেয়।



